# এলেঙ্গা পৌরসভা কার্যালয়

কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নং- এলেন-পৌর/প্রবি:/হাট- বাজার ইজারা/২০২৬/১৩৭

২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারী ২০২৬

## হাট-বাজার ও কসাইখানা ইজারা বিজ্ঞপ্তি -১৪৩৩ (বাংলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকারের বাংলাদেশ গেজেট ৬ অক্টোবর ২০২৫ এর আলোকে হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এবং পরিপত্রের আলোকে এলেঙ্গা পৌরসভায় হাট-বাজার ও কসাইখানা ইজারা ১৪৩৩ বাংলা সনের জন্য (পহেলা বৈশাখ হতে ৩০ শে চৈত্র) ইজারা প্রদানের নিমিত্তে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান ঃ**

ক) এলেঙ্গা পৌরসভা কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল খ) জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের স্থানীয় সরকার শাখা গ) পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল, ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল ঙ) সহকারী কমিশনার (ভূমি), কালিহাতি, টাঙ্গাইল চ) ম্যানেজার, সোনালী ব্যাংক, কালিহাতি শাখা, কালিহাতি, টাঙ্গাইল।

**দরপত্র সিডিউল গ্রহণের স্থান :**

ক) এলেঙ্গা পৌরসভা কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল খ) জেলা প্রশাসক টাঙ্গাইল মহোদয়ের স্থানীয় সরকার শাখা গ) পুলিশ সুপার, টাঙ্গাইল ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল ঙ) সহকারী কমিশনার (ভূমি), কালিহাতি, টাঙ্গাইল রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে গ্রহণ করা হবে।

দরপত্র সমূহ নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। নির্ধারিত ফরম ব্যতীত দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত হাট- বাজার ও কসাইখানার সিডিউল ফরম নির্ধারিত তারিখ ও সময়ে পাওয়া যাবে। দরপত্র খোলার নির্দিষ্ট তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দপ্তর সমূহ হতে প্রাপ্ত সকল দরপত্র একীভূত করে এলেঙ্গা পৌরসভা কার্যালয়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। হাট- বাজার ইজারা নীতিমালা মোতাবেক প্রথমবার কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া গেলে তফসিলে বর্ণিত সময়সূচী অনুযায়ী উপরে উল্লেখিত দপ্তর সমূহে পর্যায়ক্রমে দরপত্র কার্যক্রম অব্যাহত রাখা হবে এবং সেই মোতাবেক দরপত্র ক্রয় ও দাখিল করা যাবে। পরর্বতীতে এ বিষয়ে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না এবং দরপত্রের যাবতীয় শর্তাবলী ও তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।

### ইজারা দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময় সূচী ঃ-

| ক্র : নং | হাট বাজারের নাম | সরকারী ডাক | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | দরপত্র পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | এলেঙ্গা হাট- বাজার | ৪৩,৯৬,৫৭৩/- (তেতাল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচ শত তিহাত্তুর) টাকা মাত্র। | ৯,৪০০/- (নয় হাজার চার শত) টাকা মাত্র। | ১ম পর্যায় | ০১/০৩/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/০৩/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ০২/০৩/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |
| | | | | ২য় পর্যায় | ১৫/০৩/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০৩/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ১৬/০৩/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |
| | | | | ৩য় পর্যায় | ০১/০৪/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/০৪/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ০২/০৪/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |
| ০২ | এলেঙ্গা কসাইখানা | ৯৩,২৮০/- (তিরানব্বই হাজার দুই শত আশি) টাকা মাত্র। | ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র। | ১ম পর্যায় | ০১/০৩/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/০৩/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ০২/০৩/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |
| | | | | ২য় পর্যায় | ১৫/০৩/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০৩/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ১৬/০৩/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |
| | | | | ৩য় পর্যায় | ০১/০৪/২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/০৪/২০২৬ দুপুরঃ ১ ঘটিকা | ০২/০৪/২০২৬ বিকাল: ২.৩০ ঘটিকা |

## ১৪৩৩ বাংলা সনের হাট বাজার ও কসাইখানা ইজারার শর্তাবলী ঃ

১। বাংলা ১৪৩৩ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র) পর্যন্ত ১ বছর মেয়াদে হাট বাজার ও কসাইখানা ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ৩০% (ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/ পে- অর্ডার এর মাধ্যমে প্রশাসক, এলেঙ্গা পৌরসভা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, মোট দাখিলকৃত দরের উপর জামানত ১০%, আয়কর ১০% এবং ১৫% মূল্যের সংযোজন কর (ভ্যাট) সহ সমুদয় অর্থ বিডি/ পে- অর্ডার এর মাধ্যমে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসক, এলেঙ্গা পৌরসভা বরাবরে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় হাট বাজার ও কসাইখানার জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। ইজারাদার নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত ৫% জামানত হতে ব্যয় নির্বাহ করা হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাদানকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের কাঙ্খিত দর না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। হাট-বাজার ও কসাইখানা ভূমির ভাড়া বাবদ কোন অর্থ প্রদান করা হবে না।

৭। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র সিডিউল অন্য দফার জন্য দরপত্র সিডিউল হিসাবে ব্যবহার করা যাবে না।

৮। খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা এবং হাট- বাজার ও কসাইখানা নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯। উল্লেখিত সরকারী ডাকের কম কোন মূল্য ইজারা প্রাপ্তির জন্য বিবেচিত হবে না।

১০। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

১১। সিডিউল ক্রয়ের রশিদসহ সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১২। ইজারাদার কোনক্রমেই হাট - বাজার ও কসাইখানা অন্যের নিকট সাব - লিজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৩। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ ( তিন) কর্মদিবসের মধ্যে ৩০০/- ( তিন শত ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রশাসক, এলেঙ্গা পৌরসভা'র অনুকূলে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১৪। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৫। ইজারাদার নিজ খরচে হাট- বাজার ও কসাইখানা পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৬। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৭। কোন প্রকার ঘষা- মাজা, কাটা - কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না।

১৮। হাট - বাজার ও কসাইখানা বিষয়ে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৯। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা প্রদান কার্যক্রম চূড়ান্ত না হলে বিধি মোতাবেক খাস আদায় করা হবে এবং ইজারা প্রদান কার্যক্রম চূড়ান্ত হলে ইজারা মূল্যের সাথে হারাহারিভাবে সমন্বয় করা হবে।

২০। সরকার কর্তৃক হাট - বাজার ও কসাইখানা ইজারা সংক্রান্ত বিষয়ে যখন যে নীতিমালা ও প্রজ্ঞাপন জারী করবে ইজারা গ্রহীতা তা মানিয়া নিতে বাধ্য থাকবে।

২১। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

স্বাঃ/-
(সায়েদা খানম লিজা)
প্রশাসক
এলেঙ্গা পৌরসভা, টাঙ্গাইল।

স্মারক নং- এলেন- পৌর/ প্রবি/হাট- বাজার ইজারা/২০২৬/১৩৭

তারিখঃ ১৫/০২/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে প্রেরিত হলো। (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ।

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল (দৃষ্টআঃ উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল)।
০৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী, টাঙ্গাইল।
০৫। সহকারী কমিশনার (ভূমি), কালিহাতী, টাঙ্গাইল।
০৬। জনাব/ বেগম.......................................................................পৌর সহায়ক কমিটি, এলেঙ্গা পৌরসভা। কালিহাতী, টাঙ্গাইল।
০৭। সহকারী প্রকৌশলী, এলেঙ্গা পৌরসভা, কালিহাতী, টাঙ্গাইল।
০৮। পৌর নির্বাহী কর্মকর্তা, এলেঙ্গা পৌরসভা, কালিহাতী, টাঙ্গাইল।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালিহাতী থানা, টাঙ্গাইল।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কালিহাতী শাখা, টাঙ্গাইল।
১১। সম্পাদক ------------------------------------------------------------।
১২। জনাব ........................................................................ সাবেক ইজারাদার।
১৩। নোটিশ বোর্ড ও অফিস নথি।

15.2.26

প্রশাসক
এলেঙ্গা পৌরসভা, টাঙ্গাইল।